[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাংনীতে চাষীদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ

গাংনীতে ২০২৩-২৪ অর্থবছর প্রনোদনা কর্মসূচির আওতায় মাসকলাইয়ের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের উদ্বোধন করা হয়েছে।

এ উপলক্ষে মঙ্গলবার (১২ সেপ্টেম্বর) সকাল ১০ টার দিকে উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম এর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন ও কৃষকদের মাঝে বীজ এবং রসায়নিক সার বিতরণ করেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আব্দুর রউফ এর সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষি বিদ মোঃ ইমরান হোসেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু।

এ প্রণোদনা কর্মসূচির আওতায় ৮৫০ জন প্রান্তিক চাষীর মাঝে মাশকলাইয়ের বীজ ৫ কেজি, ডিএপি সার ১০ কেজি, এমওপি সার ৫ কেজি করে বিতরণ করা হয়।

এ সময় উপজেলার বিভিন্ন গ্রাম হতে আগত বীজ ও রাসায়নিক সার নিতে আশা কৃষকবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীর ধানখোলাতে বজ্রপাতে কৃষক আহত

গাংনী উপজেলার ধানখোলা গ্রামে বজ্রপাতে রেজাউল হক (৫০) নামের এক কৃষক আহত হয়েছেন। আহত রেজাউল ধানখোলা গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে।

আজ মঙ্গলবার দুপুর পৌনে ২ টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, দুপুরের দিকে আকাশ থেকে বৃষ্টি হচ্ছিল। বৃষ্টির সময় রেজাউল গ্রামের একটি মাঠে ধান কেটে বাড়ি ফিরছিলেন। এসময় বিকট শব্দে তার নিকটে বজ্রপাত হয়। এসময় তিনি জ্ঞান হারিয়ে ফেলেন। মাঠের অন্যান্য কৃষকরা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন।

মেহেরপুরে নামল স্বস্তির বৃষ্টি

টানা তীব্র তাপদাহের পর অবশেষে মেহেরপুরের নামল স্বস্তির বৃষ্টি। ঠাণ্ডা বাতাসের সঙ্গে বৃষ্টি মানুষের মনে এনে দিয়েছে প্রশান্তি।

মঙ্গলবার (১২ সেপ্টেম্বর) দুপুর ১টা ৩০মিনিট থেকে ১৫ মিনিট পর্যন্ত আকাশে ঘন ঘন দমকার সাথে সাথে জেলাজুড়ে শুরু হয় বৃষ্টি।

গত কয়েকদিন ধরেই মেহেরপুরে ছিল তাপমাত্রা। কয়েক দিনের তাপদাহে হাঁসফাঁস অবস্থা সৃষ্টি হয় জনজীবনে।

গাংনী উপজেলা শহরের বাসিন্দা এসএম সেলিম রেজা ও মজনু বলেন, তাপদাহে কোথাও এতটুকু স্বস্তি ছিল না। গরমে কষ্ট পাচ্ছিলেন সবাই। বৃষ্টির জন্য প্রার্থনা করেছেন অনেকেই। তাই সেই দীর্ঘ প্রত্যাশার বৃষ্টি পেয়ে স্বস্তি সবার মাঝে। অনেকেই ভিজেছেন শান্তির বৃষ্টিতে।

পাটে নয়, স্বস্তি পাটকাঠিতে

মেহেরপুরে এবছর পাটের বাম্পার ফলন হয়েছে। কিন্তু পাটের দাম কৃষককে লোকসানের মুখে ঠেলে দিয়েছে। তবে কৃষকের মুখে কিছুটা স্বস্তির হাসি ফুটিয়েছে পাঠকাঠি। পাটের দাম খুব একটা ভালো না পেলেও পাটকাঠির দাম দিয়ে ক্ষতি পুষিয়ে নেওয়ার চেষ্টা করছেন কৃষকরা। এ কারণে এখন মেহেরপুরের অলি গলিতে, পাকা সড়ক, মাঠঘাট যেখানে চোখ যায় সেখানেই চোখে পড়ে পাটকাঠি শুকানো ও রক্ষণাবেক্ষণের আয়োজন।

এলাকায় খোঁজ নিয়ে জানা যায়, পাটকাঠি আগের মতো অবহেলায় ফেলে না রেখে যত্ন করে শুকিয়ে মাচা তৈরি করে রাখছেন চাষিরা।

স্থানীয়রা জানান, পাটকাঠি কোথাও আবার পাটখড়ি নামেও পরিচিত। আগে সস্তা জ্বালানির বাইরে পাটকাঠির তেমন ব্যবহার ছিল না। আর কিছু ভালোমানের পাটকাঠি পানের বরজে আর ঘরের বেড়া তৈরিতে ব্যবহার হতো। কিন্তু এখন আর এটি মূল্যহীনভাবে পড়ে থাকে না। বাজারে পাটকাঠির চাহিদা বাড়ায় আঁশের পাশাপাশি কাঠির দামও ভালো পাওয়া যায়।

গাংনী উপজেলার তেরাইল গ্রামের পাট চাষি মজনুর রহমান বলেন, ‘কয়েক বছর আগেও পাটখড়ির তেমন চাহিদা ছিল না। কিন্তু এখন বেশ চাহিদা। দূর-দূরান্ত থেকে ব্যবসায়ীরা এসে পাটকাঠি কিনছেন, ভালো দামও দিচ্ছেন। ১০০ মোটা পাটকাঠি বিক্রি হচ্ছে ৫০০ থেকে ৬০০ টাকায়। শুধু পাট বিক্রি করেই নয়, এবার পাটখড়িও আমাদের এলাকায় কৃষকের আশা জাগিয়েছে।’

মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের শরিফুল ইসলাম জানান, পাটকাঠি একসময় শুধু রান্না-বান্নার জ্বালানি, ঘরের বেড়া ও ছাউনির কাজে ব্যবহার করা হতো। কিন্তু এখন এই পাটকাঠি পানের বরজে ব্যবহার করা হচ্ছে। এছাড়া বাইরের জেলা থেকেও ফঁড়িয়ারা পাটকাটি কিনে নিয়ে যাচ্ছেন।

সদর উপজেলার দিঘীরপাড়া গ্রামের মোস্তাকিম বলেন, এ বছর পাট চাষ করে মুনিস খরচ উঠছেনা। জাগ দেওয়ার জন্য পুকুর খরচ, জনপাটের খরচ

দিতে গিয়ে চাষী গেরহস্তদের কিছু নেই। এখন পাটকাটি বিক্রিই একমাত্র ভরসা। তবে, পাটকাটির এবার দাম বেশি। কারন এলাকার মানুষ নয়, বিভিন্ন এলাকা থেকে ফঁড়িয়া ও মহাজনরা এসে পাটকাটি কিনে নিয়ে যাচ্ছে।

সাতক্ষীরা এলাকা থেকে আসা পাটকাঠি ব্যবসায়ী আব্দুর রহমান, সামসুর রহমান জানান, তারা ৫-৬ বছর ধরে পাটকাঠির ব্যবসা করছেন। আগে ফরিদপুরের বিভিন্ন এলাকা থেকে পাটকাঠি কিনে বেশি দামে বিক্রি করতেন তারা। এখন জেলায় প্রায় এক ডজন কার্বন ফ্যাক্টরি গড়ে উঠেছে। এই অঞ্চলের পাটকাঠি দিয়ে এসব ফ্যাক্টরির চাহিদা মেটানোই কষ্টসাধ্য। তাই তারা এসেছেন মেহেরপুর, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা জেলা থেকে পাটকাটি কিনতে। তারা আরও বলেন, আর আগের মতো পাটকাঠি কিনতে পারেন না। কারণ বর্তমানে পাটকাঠির দাম ও চাহিদা দুটোই বেশি।

মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক শংকর কুমার মজুমদার বলেন, ‘জেলায় এবার মোট ২১ হাজার ৭০০ হেক্টর জমিতে পাটের আবাদ হয়েছে। পাটের রং না আসায় এবং বড় কিছু মিল বন্ধ থাকার কারণে পাটের বাজারে দাম কম। এতে কৃষকরাও বেশ ক্ষতিগ্রস্ত হয়েছেন। তবে কৃষকের ক্ষতি পুষিয়ে দিচ্ছে এই পাটকাঠি।

মুজিবনগরে যুবমহিলা লীগের সমাবেশ ও উঠান বৈঠক অনুষ্ঠিত

সরকারের সাফল্য ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা তৃণমূল পর্যায়ে পৌছে দিতে মুজিবনগরে যুব মহিলা লীগের সমাবেশ ও উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামে মুজিবনগর আম্রকানন মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে বাগোয়ান ইউনিয়ন যুবমহিলালীগের আয়োজনে এই সমাবেশ ও উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন এর

সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অনুষ্ঠানে মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক এ্যাড: রুতশোভা মন্ডলের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ যুব মহিলালীগ কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি সৈয়দা মোনালিসা ইসলাম।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবমহিলা লীগের সভাপতি সমিউন বাসিরা পলি, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক তহমিনা খাতুন।

এর আগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি ও বাংলাদেশ যুব মহিলা লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সহ-সভাপতি সৈয়দা মোনালিসা ইসলাম অনুষ্ঠানের স্থলে পৌঁছালে তাদেরকে ফুল দিয়ে বরণ করে নেন যুব মহিলা লীগের নেতাকর্মীবৃন্দ।

গাংনীতে সমবায় সমিতির সদস্যদের দিনব্যাপী ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলায় সম্ভাবনাময় সমবায় সমিতির সদস্যদের অংশগ্রহনে দিনব্যাপী ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১১ সেপ্টেম্বর) গাংনী উপজেলা সমবায় অফিসের আয়োজনে বিআরডিবি হলরুমে সমবায়ীদের অংশগ্রহণে দিনব্যাপী এই ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে

ভ্রাম্যমান প্রশিক্ষণে অতিথি বক্তা হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) নাদির হোসেন শামীম, গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন ও মেহেরপুর জেলা সমবায় অফিসের উপ-সহকারী নিবন্ধক এনামুল হক।

এসময় অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন চাঁদপুর সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির সভাপতি আবুল কাশেম মাস্টার, মেহেরপুর জেলা সমবায় অফিসের প্রশিক্ষক নূরুজ্জামান ও সহকারী পরিদর্শক রুহুল কুদ্দুস, হাফিজুর রহমান।

প্রশিক্ষণে ৬ টি সমবায় সমিতির মোট পঁচিশ জন সদস্য অংশগ্রহণ করেন।

মেহেরপুর মটরশ্রমিক ইউনিয়নের চার সদস্য আজীবন বহিস্কার

মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের সংগঠন বিরোধী কার্যকলাপের অভিযোগে অভিযুক্ত হওয়ায় ইউনিয়নের ৪ শ্রমিককে আজীবন বহিস্কার করা হয়েছে। অত্র ইউনিয়নের সংবিধানের ৫ (খ) ধারায় তাদের বহিস্কার করা হয়।

মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মো: মতিয়ার রহমান স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানা গেছে।

বহিস্কৃতরা হলেন, শামীম রেজা (সদস্য নং ১৪৬৭), মো: এখলাছুর রহমান (সদস্য নং ১২৪৪), মো: আব্দুস সালাম (সদস্য নং ৩০০১) ও মো: জাহিদ হোসেন (সদস্য নং ৮৩৭)।

বহিস্কার পত্রে লেখা হয়েছে, অত্র ইউনিয়নের ৫ (খ) ধারা লঙ্ঘন করে সংগঠণ বিরোধী কার্যকলাপের অভিযোগে অভিযুক্ত হওয়ায় গত ৫/৯/২০২৩ ইং তারিখে মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের কার্যনির্বাহী পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক সদস্য পদ বাতিল করে সংগঠণ থেকে আজীবন বহিস্কার করা হলো।

আরও বলা হয়েছে, সংগঠনের সদস্য পদে থেকে দীর্ঘদিন যাবৎ কর্মকর্তাদের সিদ্ধান্ত অমান্য করে সংগঠণ বিরোধী কার্যকলাপ করে বেড়াচ্ছেন। এছাড়া অবৈধ কাজে লিপ্ত রয়েছেন। বিভিন্ন অপরাধমুলক কাযক্রম যেমন নেশায় আসক্ত চুরি এবং বিভিন্ন অবৈধ কাযক্রম করে বেড়াচ্ছেন। যা সংবিধান বহিভূর্ত। বহিস্কারের অনুলিপি প্রশাসন, প্রেসক্লাবসব বিভিন্ন দপ্তরে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরের সাবেক মেয়র মতুসহ ৭ জনের বিরুদ্ধে মামলা

মেহেরপুর পৌর সভার সাবেক মেয়র ও মায়ের হাসি ক্লিনিকের মালিক মোতাচ্ছিম বিল্লা মতুসহ ৭ জনের বিরুদ্ধে খুলনা বিভাগীয় সাইবার ট্রাইব্যুনাল আদালতে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা করেছেন সাংবাদিক মাহাবুব চান্দু।

আজ রবিবার খুলনা বিভাগীয় সাইবার ট্রাইব্যুনালের বিজ্ঞ বিচারক কনিকা বিশ্বাস পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) কুষ্টিয়াকে আগামী ২ নভেম্বর তদন্ত প্রতিবেদন দাখিলের আদেশ দিয়েছেন। এর আগে গত ২৯ আগষ্ট মামলাটি আমলে নিয়ে গতকাল ১০ সেপ্টেম্বর মামলার আদেশের দিন ধার্য করেন।

মামলার আসামিরা হলেন, মেহেরপুর পৌর সভার সাবেক মেয়র মোতাচ্ছিম বিল্লাহ মতু, মায়ের হাসি ক্লিনিকের ম্যানেজার সাইফুল বাহার স্বাধীন, ইন্টার্ন চিকিৎসক মতুর ছেলে মুত্তাকী বিল্লাহ সাফিন, মায়ের হাসি ক্লিনিকের পার্টনার শামীম হাসান সোহাগ, সহযোগী তোহিদুল ইসলাম লিয়ন, শোমিক ব্রো ও এসএম মেহেরাব হোসেন।

ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ২৩/২৫(১)(ক)/২৫(১)(খ)/২৫(২)/২৯/৩১/৩৫ ধারায় মামলাটি করা হয়েছে। এর আগে বাদী মেহেরপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে মামলা করলে মামলাটি আমলে নিয়ে প্রথমে পিবিআইকে তদন্তের নির্দেশ দেন এবং পরে মামলাটি নথিজাত করেন। বাদী ন্যায় বিচারের স্বার্থে খুলনা বিভাগীয় সাইবার ট্রাইব্যুনালের দ্বারস্ত হন।